

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৯৮৭

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কুরায়শ ও অন্যান্য গোত্রসমূহের গুণাবলি

الفصل الاول (بابُ مَنَاقِبِ قُرَيْشٍ وَذِكْرِ الْقَبَائِلِ)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: مَا زِلْتُ أُحِبُّ بَنِي تَمِيمٍ مُنْذُ ثَلَاثِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِيهِمْ سَمِعْتُهُ يَقُولُ: «هُمْ أَشَدُّ أُمَّتِي عَلَى الدَّجَالِ» قَالَ: وَجَاءَتْ صَدَقَاتُهُمْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «هَذِهِ صَدَقَاتُ قَوْمِنَا» وَكَانَتْ سَبِيَّةً مِنْهُمْ عِنْدَ عَائِشَةَ فَقَالَ: «اعْتَقِيهَا فَإِنَّهَا مِنْ وَلَدِ إِسْمَاعِيلَ». مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (2543) و مسلم (198 / 2525)، (6451) -
(مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৫৯৮৭-[৯] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি সর্বদা তখন হতে বানু তামীম-কে ভালোবেসে আসছি, যখন হতে তাদের তিনটি গুণের কথা আমি রাসূলুল্লাহ (সা.)-এর কাছ হতে শুনেছি। আমি তাঁকে বলতে শুনেছি, ১. আমার উম্মতের মধ্যে বানু তামীমই দাজ্জালের বিরোধিতায় অধিক কঠোর প্রমাণিত হবে। ২. একবার তাদের সাদাক্ এসে পৌঁছলে রাসূলুল্লাহ (সা.) বললেন, এটা আমার গোত্রের সাদাক্। ৩. 'আয়িশাহ্ (রাঃ) -এর কাছে বানু তামীমের একটি দাসী ছিল। তখন রাসূলুল্লাহ (সা.) 'আয়িশাহ্ (রাঃ)-কে বললেন, তুমি তাকে মুক্ত করে দাও। কেননা সে ইসমাঈল আলায়হিস সালাম-এর বংশধর। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহ: বুখারী ২৫৪৩, মুসলিম ১৯৮-(২৫২৫), সিলসিলাতুস সহীহাহ্ ৩১১৪, আবু ইয়া'লা ৬১০৮, সহীহ ইবনু হিব্বান ৬৮০৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৩৫২৪।

ব্যখ্যা

ব্যখ্যা: (هُمُّ أَشَدُّ أُمَّتِي عَلَى الدَّجَالِ) “আমার উম্মতের মধ্যে বানু তামীমই দাজ্জালের মোকাবেলায় অধিক কঠোর প্রমাণিত হবে।” অর্থাৎ অভিশপ্ত দাজ্জাল যখন প্রকাশ পাবে তখন বানু তামীমের লোকেরাই সবচেয়ে বেশি তার মোকাবেলা করবে এবং তাকে ধ্বংস করার ক্ষেত্রে সবচেয়ে বেশি চেষ্টা-প্রচেষ্টা চালাবে এবং তাকে প্রত্যাখান ও মিথ্যা সাব্যস্ত করার ব্যাপারে সবচেয়ে অগ্রগামী হবে। এ জাতীয় ঘোষণার মধ্যেই বানু তামীমের বৈশিষ্ট্য ও শ্রেষ্ঠত্ব পরিদৃষ্ট হয়। সাথে সাথে তাদের ব্যাপারে ভবিষ্যদ্বাণীও আছে যে, বানু তামীম-এর সন্তান-সন্ততি দাজ্জাল প্রকাশিত হওয়ার সময়ও অত্যধিক থাকবে। (মিরকাতুল মাফাতীহ, মাযাহিরে হাক শারহে মিশকাত ৭ম খণ্ড, ২৩২ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85963>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন